দৈনিক ইত্তেফাক

২৭

তারিখ ... APR 04 2000 ...
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ২০০১ সালের এসএসসি পরীক্ষা ১৫ দিন আগাইতে পারে

**রেজানুর রহমান** ॥ ২০০১ সালের এসএসসি পরীক্ষা ১৫ দিন আগাইয়া আনার ব্যাপারে চিন্তা-ভাবনা করা হইতেছে। ১লা মার্চ হইতে এই পরীক্ষা শুরু হওয়ার কথা। কিন্তু মার্চের প্রথম পক্ষেই পবিত্র ঈদুল আযহা অনুষ্ঠিত হইবে। তাই ছাত্র-শিক্ষক ও অভিভাবকদের সুবিধার্থে এই পরীক্ষা

(৮ম পৃঃ দ্রঃ)

## ২০০১ সালের এসএসসি

(৩য় পৃঃ পর)

১৫ দিন আগাইয়া নিয়া ১৫ই ফেব্রুয়ারী হইতে শুরু করার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হইতেছে। গত বুধবার শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক জরুরী সভায় আগামী বছরের এসএসসি পরীক্ষা নিয়া বিস্তারিত আলোচনা করা হয়। সভায় বিভিন্ন শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও কর্মকর্তাবৃন্দ বলেন, ১লা মার্চ এসএসসি পরীক্ষা শুরু হইলে ঈদের পরেও পরীক্ষা চলিয়া যাইবে। সভায় ছাত্র-ছাত্রীদের সুবিধার কথা ভাবিয়া ১৫ই ফেব্রুয়ারী হইতে এই পরীক্ষা শুরুর প্রস্তাব করা হইলে উপস্থিত সকলেই প্রস্তাবটি সমর্থন করেন। অবিলম্বে আনুষ্ঠানিকভাবে এই ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত ঘোষণা করা হইবে বলিয়া একটি সূত্র জানাইয়াছে।

শিক্ষামন্ত্রী এএসএইচ কে সাদেকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় পরীক্ষা গ্রহণ, ফলাফল প্রকাশ এবং পরবর্তীতে উচ্চ শিক্ষায় ভর্তির সময় আরও কমাইয়া আনা যায় কিনা এই ব্যাপারে আলোচনা করা হয়। সদ্য সমাপ্ত এসএসসি পরীক্ষা মাত্র ১৩টি কার্য দিবসে সম্পন্ন করা হইয়াছে। ৭৫ দিনের মধ্যে এই পরীক্ষার ফলাফল প্রকাশ করার ব্যাপারে সকলকে তৎপর হইতে বলা হইয়াছে। সভায় পরীক্ষায় নকল প্রতিরোধে শিক্ষকদের পাশাপাশি অভিভাবকদেরও আন্তরিক সহযোগিতা কামনা করা হইয়াছে।